

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৫৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ পরিবারের লোকদের পানি ছিটা দিয়ে হলেও সালাতুল লাইলের জন্য জাগিয়ে তুলা মুস্তাহাব

ذِكْرُ اسْتِحْبَابِ إِيقَاظِ الْمَرْءِ أَهْلَهُ لِصَلَاةِ اللَّيْلِ ولو بالنَّضح

আরবী

2558 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّقَنَا أَبُو قُدَامَةَ حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ عَنِ ابْنِ عَجْلانَ عَنْ الْقَعْقَاعِ عَنْ أَبِي صَالِح عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (رَحِمَ اللَّهُ رَجُلًا قَامَ مِنَ اللَّيْلِ يُصَلِّي وَأَيْقَظَ امْرَأَتَهُ فَإِنْ أَبَتْ نَضَحَ فِي وَجْهِهَا الْمَاءَ وَرَحِمَ اللَّهُ امْرَأَةً قَامَتْ مِنَ اللَّيْلِ وَأَيْقَظَتْ رَوْجَهَا فَإِنْ أَبَى نَضَحَتْ فِي وجهه الماء) ورَحِمَ اللَّهُ امْرَأَةً قَامَتْ مِنَ اللَّيْلِ وَأَيْقَظَتْ رَوْجَهَا فَإِنْ أَبَى نَضَحَتْ فِي وجهه الماء) الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2558 ا خلاصة حكم المحدث: حسن صحيح - ((صحيح أبي داود)) (1181).

বাংলা

২৫৫৮. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, " আল্লাহ ঐ ব্যক্তির প্রতি রহম করুন, যে ব্যক্তি রাতে উঠে সালাত আদায় করে এবং তার স্ত্রীকে জাগিয়ে দেয়। যদি সে উঠতে না চায়, তবে তার মুখে পানি ছিটা দেয় এবং আল্লাহ ঐ নারীর প্রতি রহম করুন, যে নারী রাতে উঠে সালাত আদায় করে এবং তার স্বামীকে জাগিয়ে দেয়। যদি সে উঠতে না চায়, তবে তার মুখে পানি ছিটা দেয়।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১১৪৮; মুসনাদ আহমাদ: ২/২৫০; আবূ দাউদ: ১৩০৮; নাসাঈ: ৩/২০৫; ইবনু মাজাহ: ১৩৩৬; সুনান বাইহাকী: ২/৫০১; হাকিম: ১/৩০৯।



হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা'লীকু আলা সহীহ ইবনু খুযাইমাহ: ১১৪০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন